উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট
www.companiganj.sylhet.gov.bd

উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব আবিদা সুলতানা
প্রশাসক, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।
সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ও সময়: ২৯/০৮/২০২৪ খ্রিস্টাব্দ, - ১১.৩০ ঘটিকা।
সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত ০৮/০৭/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্রাফিসের মাধ্যমে সেবাসমূহ কৃত্রিম প্রজনন ৯০ মাত্রা, গবাদি প্রাণির টিকা প্রদান ২৫৯৬ মাত্রা, হাসমুরগীর টিকা প্রদান ১১,০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা ১,৬৮০টি, হাসমুরগীর চিকিৎসা ১৬,৩৫০টি, ডিম উৎপাদন ২৫,০০০টি, রাজস্ব আয় ১৫,২২৫/-, একদিনের হাসমুরগীর বাচ্চা বিতরণ ২,০০০টি। আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ক্ষুদ্র ঋণ ছাগল, ভেড়া ও হাসমুরগীর ঋণ আদায় বর্তমানে মাসে নাই। বন্যায় বা প্রাকৃতিক দুর্যোগের সময় গবাদি পশুর জন্য গো-খাদ্য বিতরণে সকলের সহযোগিতা কামনা করেন। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে প্রণোদনা ও পুর্ণবাসন কর্মসূচীর ৯০ জন কৃষক ও কৃষাণীকে ৫ কেজি করে বীজ, সার প্রদান করা হবে। গ্রীষ্মকালীন পেঁয়াজ বাবদ ২০ জন কৃষকের মাঝে ১ কেজি করে গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ, ডিএপি ১০ কেজি, এমওপি ১০ কেজি এবং বালাইশাক বাবদ ২০০ টাকা, পলিনেট বাবদ ৬০৭.৫ টাকা উপকরণ সহায়তা দেওয়া হবে। | উপজেলা কৃষি অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলার জালিয়ারপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং নভাগী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক না থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বগ্রহণ বিষয়ে এলাকার দুইপক্ষ মুখোমুখি অবস্থান করছে। আইনশৃংখলা পরিস্থিতির অবনতির আশঙ্কা রয়েছে। এ ছাড়া প্রাথমিক বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রাথমিক বিদ্যালয়ের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালা ও ভাউন্ডারি ওয়ালের ইলেকট্রিক লাইন মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় ও পিআইসি দ্বারা বাস্তবায়ন করা যেতে পারে।<br>২। উপজেলা আনসার ব্যারাক এর পানির লাইন মেরামত ও মটর ক্রয় বাবদ ১৪,৫০০/-(চৌদ্দ হাজার পাচশত) টাকা ভাউচারের মাধ্যমে উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৩। উপজেলা পরিষদের ১ নং ভবনের সিসি ক্যামেরার লাইন মেরামত বাবদ ২৪৮৪৩/-(চব্বিশ হাজার আটশত তেতাল্লিশ) টাকা ভাউচারের মাধ্যমে উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করা যেতে পারে।<br>৪। কোম্পানীগঞ্জ উপজেলাটি ভারত মেঘালয় পাহাড়ের পাদদেশের নিকটে অবস্থিত হওয়ায় ভারতের উজান থেকে নেমে আসা পাহাড়ী পানি প্রতি বছরই অত্র উপজেলাটি প্লাবিত করে। প্রায় প্রতি বছর উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ীর নিচতলা পানিতে তলিয়ে যায়। প্রতিবছর বন্যার কারণে উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টারগুলো জড়াজীর্ণ অবস্থায় আছে। অত্র উপজেলার কর্মচারীগণ পিয়াইন, সুরমা, নিহারীকা, সাগরীকা, কুশিয়ারা ও করতোয়া ভবনগুলোতে বসবাস করতে অনেক ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছেন। সবদিক বিবেচনা করলে উক্ত বাসাবাড়ীর ভাড়া নিচতলা ১,০০০/-(এক হাজার) টাকা ও দ্বিতীয় তলায় ২,০০০/-(দুই হাজার) টাকা নির্ধারণের প্রস্তাব করা হয় এবং ছোট ধরনের প্রয়োজনীয় মেরামত নিজ খরচে করে নিবে যাহার বিল সরকার বা পরিষদে দাবি করতে পারবেনা। বর্ণিত বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br>৫। উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে দুই ধাপে সাদাপাথর পর্যটন ঘাট ও গোলঘর উন্নয়নের জন্য ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা ব্যয় হয়। সাম্প্রতিক অস্থিরতায় নির্মিত স্থাপনাসমূহ ভাংচুর করে একেবারে বিনষ্ট করে দিয়েছে। স্থাপনা দুটি নতুন করে তৈরি করা প্রয়োজন। উক্ত বিষয়টি উপস্থিত সবাইকে অবহিত করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালা ও ভাউন্ডারি ওয়ালের ইলেকট্রিক লাইন মেরামত বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসির মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২।উপজেলা আনসার ব্যারাক এর পানির লাইন মেরামত ও মটর ক্রয় বাবদ ১৪,৫০০/-(চৌদ্দ হাজার পাচশত) টাকা ভাউচারের মাধ্যমে উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩।উপজেলা পরিষদের ১ নং ভবনের সিসি ক্যামেরার লাইন মেরামত বাবদ ২৪,৮৪৩/-(চব্বিশ হাজার আটশত তেতাল্লিশ) টাকা ভাউচারের মাধ্যমে উপজেলা রক্ষণাবেক্ষণ তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। আলোচ্যমতে উপজেলা পরিষদ কোয়ার্টারের বাসাগুলো জড়াজীর্ণ ও ব্যবহারের অনুপযোগী হওয়ায় নিচতলা এক হাজার টাকা ও দ্বিতীয় তলায় দুই হাজার টাকা প্রতি মাসে ব্যবহারকারীগণ পরিশোধ করবেন এবং নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করবেন। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনস্বাস্থ্য বিভাগ | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর বিভাগের আওতাধীন গভীর ও অগভীর নলকূপের কাজ বাস্তবায়ন করা হয়েছে। কাজের কোথাও কোন সমস্যা দেখা দিলে সরেজমিন পরিদর্শনপূর্বক তা মেরামত করা হয়। | সদ্য সমাপ্ত হওয়া নলকূপের কাজগুলা সরেজমিনে দেখা হয়েছে। কোথাও কোন সমস্যা নেই। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মৎস্য অফিসার আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলমান পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা বিধিমতে সমাধান করা হচ্ছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত বন্যায় পর্যাপ্ত পরিমাণ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিধিমতে তার বিভাগের কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার তার বিভাগের কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমানে রয়েছে। তার বিভাগ থেকে খাবারবড়ি, ইনজেকশন, কনডম, ইমপ্লান্ট, আইইউডি ও ডেলিভারি সেবা প্রদান করা হচ্ছে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আলোচ্য বিষয়ের সেবাসমূহ অব্যাহত রাখবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা সমবায় অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমাজসেবা অফিসার বিধিমতে তার বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা বন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। পর্যাপ্ত পরিমাণ খাদ্য গোদামে মজুদ রয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিধিমতে তার বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | বিবিধ-১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভাকে বলেন যে, আমরা অন্তবর্তীকালীন সরকারের অধীনে রয়েছি। আমরা সবাই সরকারের নির্দেশনা মেনে চলবো। কোম্পানীগঞ্জকে এগিয়ে নিতে সকলের পারস্পরিক সহযোগিতা প্রয়োজন। ভবিষ্যৎ প্রজন্মকে ভাল কিছু উপহার দিতে আমাদের কিছু কাজ করে যেতে হবে, যার সুফল তারা পাবে। প্রত্যেকে যার যার অবস্থান থেকে দেশের কল্যাণের জন্য কাজ করতে হবে। উপজেলাধীন সকল দপ্তরে জনগণের সেবা নিশ্চিত করতে হবে। সকল অফিসারগণ বিধিমতে তাঁর দাপ্তরিক কাজ পরিচালনা করবেন। | সরকার যে নির্দেশনা দিবে সবাইকে তা মেনে চলতে হবে এবং সকল দপ্তর প্রধানগণ বিধিমতে তাদের দাপ্তরিক কাজ বাস্তবায়ন করবেন। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/অফিসার (সকল) কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | বিবিধ-২ | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব সভাকে জানান যে, সাদাপাথর চুরি ঠেকাতে এলাকায় মাইকিং ও বিভিন্নভাবে প্রচারণা চালানো হয়েছে। পাথর চুরি ঠেকাতে বিজিবিকে নজরদারি বাড়াতে হবে এবং পুলিশ টহল অব্যাহত রাখতে হবে। | আলোচ্য বিষয়ে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.০৮.২৪

আবিদা সুলতানা
প্রশাসক
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

CS CamScanner

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ৯৮৬(৪৫) তারিখঃ ২৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

২। জেলা প্রশাসক, সিলেট।

৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

৪। জেলা.........................................অফিসার, সিলেট।

৫। চেয়ারম্যান................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।

০৬। উপজেলা ...............অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)

২৯.০৮.২৪

আবিদা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মো: আব্দুল মতিন | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মাহমুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব টিটু কুমার দে | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | ড. মোহাম্মদ লুৎফুর রহমান | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মনোজ কান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মোঃ ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব সাজ্জাদুর রহমান | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মোঃ আলমগীর আলম | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মোঃ আবু সাইদ মিয়া | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মো: খোরশেদ আলম প্রধান | সহকারি প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য অফিস, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব কাজী আব্দুল অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।

৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।

৪। উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

৫। ফরেস্টার, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট।

CS CamScanner